বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল

২০৩ শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণী, বিজয়নগর, ঢাকা-১০০০

www.bnmc.gov.bd

স্মারক নং-বিএনএমসি/প্রশা-৩৪(অংশ-৩)/২০২১-৮৭৩ তারিখঃ ১০ অক্টোবর ২০২১ খ্রিঃ

ভর্তি সংক্রান্ত নির্দেশনা

সরকারি প্রতিষ্ঠানের জন্য মেধা তালিকায় নির্বাচিত প্রার্থীদের ভর্তি সংক্রান্তঃ

সরকারি নার্সিং এবং মিডওয়াইফারি প্রতিষ্ঠানে নার্সিং ও মিডওয়াইফারি কোর্সে ২০২০-২১ শিক্ষাবর্ষে ভর্তি পরীক্ষায় নির্বাচিত মেধাতালিকার প্রার্থীগণকে নিম্নোক্ত শর্তাবলি/নিয়মাবলি অনুসরণপূর্বক ভর্তির জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা যাচ্ছে।

ভর্তির নিয়মাবলি/শর্তাবলি:

১. ভর্তির তারিখঃ ১১/১০/২০২১ হতে ২০/১০/২০২১ খ্রিঃ সকাল ৮.০০ ঘটিকা হতে বিকেল ৪.০০ ঘটিকা পর্যন্ত।

নির্বাচিত প্রার্থীকে ভর্তির সময় নিম্নলিখিত কাগজপত্র জমা দিতে হবেঃ

(ক) শিক্ষাবোর্ড হতে প্রাপ্ত এসএসসি বা সমমান ও এইচএসসি বা সমমান পরীক্ষার মূল/সাময়িক সনদপত্রের সত্যায়িত কপি;

(খ) শিক্ষাবোর্ড হতে প্রাপ্ত এসএসসি বা সমমান ও এইচএসসি বা সমমান পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্ট/গ্রেডশিট/মার্কশিট এর মূলকপি;

(গ) সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি সত্যায়িত (প্রথম শ্রেণির কর্মকর্তার নামসহ সীলমোহর) রঙ্গিন ছবি।

(ঘ) মুক্তিযোদ্ধা কোটায় (মুক্তিযোদ্ধার সন্তান/সন্তানের সন্তানদের) সংরক্ষিত আসনের জন্য সংশ্লিষ্ট মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রী ও সচিব স্বাক্ষরিত সনদপত্র বা ১৯৯৭ থেকে ২০০১ সাল পর্যন্ত বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ কর্তৃক প্রদত্ত ও তৎকালীন মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রতি স্বাক্ষরিত সনদপত্রের সত্যায়িত কপি;

(ঙ) বর্ণিত কোর্সে আবেদনের ডাউনলোডকৃত রঙ্গিন ছবি সম্বলিত ভর্তি পরীক্ষার প্রবেশপত্র এবং ফলাফলের কপি;

(চ) উন্মুক্ত বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ড ও অন্যান্য কারিকুলাম হতে পাশকৃত নির্বাচিত প্রার্থীগণ এসএসসি বা সমমান এবং এইচএসসি বা সমমান পরীক্ষার সনদপত্রসমূহ নিজ দায়িত্বে বোর্ড/বিশ্ববিদ্যালয় হতে সঠিকতা যাচাই (ভেরিফাই) করে কোর্সে ভর্তি হবেন;

(ছ) জেলা কোটা দাবির ক্ষেত্রে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/ সিটি কর্পোরেশনের কাউন্সিলর এর নিকট হতে গৃহীত নাগরিকত্ব সনদ/জন্মনিবন্ধন পত্র দাখিল করতে হবে।

(জ) প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীদের প্রতিষ্ঠান কর্তৃপক্ষের ব্যবস্থাপনায় স্বাস্থ্য পরীক্ষায় উত্তীর্ণ হলে ভর্তি হতে পারবেন।

(ঝ) ভুল বা অসত্য তথ্য প্রদান করে ভর্তি হলে যে কোন সময় ভর্তি বাতিল হবে।

২.ভর্তি প্রক্রিয়াঃ

(ক) উপরোক্ত কাগজপত্র পরিস্কারভাবে স্ক্যান করে jpg অথবা .pdf ফরমেটে কম্পিউটারে সংরক্ষণ করে নিতে হবে, প্রতিটি ফাইলের সাইজ 1MB এর কম হতে হবে।

(খ) www.bnmc.gov.bd ওয়েবসাইট হতে ভর্তি পরীক্ষার ফলাফল অপশনে প্রবেশ করে ভর্তি পরীক্ষার প্রবেশপত্র উল্লিখিত রোল এবং সিরিয়াল নম্বর দিয়ে view result বাটনে ক্লিক করলে ফলাফল দেখা যাবে।

(গ) সরকারি প্রতিষ্ঠানে ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীদের ক্ষেত্রে ফলাফলের নিচে Admission বাটন দেখাবে, সেখানে ক্লিক করলে ভর্তি পরীক্ষার ইউজার ও পাসওয়ার্ড ব্যবহার করে ভর্তির ফরমে প্রবেশ করতে হবে।

(ঘ) ভর্তির ফরমে আবেদনের সময় প্রদত্ত তথ্য এবং ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বর দেখাবে । সেখানে কিছু সংখ্যক ঘর ব্লক থাকবে, যেমনঃ প্রবেশপত্রে ব্যবহৃত ছবি, ভর্তি পরীক্ষার রোল, প্রাপ্ত নম্বর, মেধাক্রম (মেরিট পজিশন), ইংরেজি নাম, পিতার নাম, মাতার নাম, প্রতিষ্ঠানের নাম, কোর্স, নিজ জেলা ইত্যাদি (তথ্য পরিবর্তন করার সুযোগ থাকবে না)।

(ঙ) ফরমে নতুন করে কিছু তথ্য হালানাগাদ করার প্রয়োজন হবে, যেমনঃ জাতীয় পরিচয়পত্র নম্বর/জন্ম নিবন্ধন নম্বর বা জন্মসনদ, মোবাইল নম্বর, বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানার কিছু অংশ ইত্যাদি।

(চ) ফরমের নিচের অংশে প্রয়োজনীয় কাগজপত্র আপলোড করার ঘর থাকবে। পূর্ব স্ক্যানকৃত ফাইলসমূহ আপলোড করা শেষ হলে Submit বাঁটনে ক্লিক করে আবেদনের কপি প্রিন্ট নিতে হবে। প্রিন্ট করতে ব্যর্থ হলে একই প্রক্রিয়ায় আবার ফরমে প্রবেশ করে প্রিন্ট ফরম বাঁটনে ক্লিক করে পূনরায় আবেদন ফরম প্রিন্ট করা যাবে।

(ছ) প্রিন্টকৃত আবেদন ফরমের দ্বিতীয় পৃষ্ঠার নিচে Applicant Signature অংশে শিক্ষার্থী স্বাক্ষর করে ভর্তির জন্য নির্ধারিত প্রতিষ্ঠানে জমা দিতে হবে।

10/10/2021

অঃ পৃঃ দ্রঃ

৩. নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর কর্তৃক নির্ধারিত নিয়মে ফি প্রদান করে ভর্তি সম্পন্ন করতে হবে।

৪. ভর্তি সংক্রান্ত শিক্ষা প্রতিষ্ঠানের জন্য নির্দেশনাঃ

(ক) শিক্ষার্থী কর্তৃক জমাকৃত ফরম কাউন্সিলের ডাটাবেস সফটওয়্যারে গোপনীয় ইউজার আইডি ও পাসওয়ার্ডের মাধ্যমে ড্রাফট অবস্থায় দেখা যাবে। ভালোভাবে ফরম ও তথ্য যাচাই করে ফরমের এক কপি বর্ণিত কাগজপত্র ও এক কপি ছবি স্ট্যাপলারের মাধ্যমে ফরমে সংযুক্ত করতে হবে।

(খ) ভর্তির জন্য নির্ধারিত তারিখের পরের দিন কাউন্সিলের ওয়েবসাইট হতে কাউন্সিলে শিক্ষার্থী নিবন্ধন (স্টুডেন্ট রেজিস্ট্রেশন) ফি জনপ্রতি ৭০০/- (সাতশত) টাকা হারে সকলের ফি একত্রে কাউন্সিলের ওয়েবসাইট থেকে অনলাইনে ফি জমার রশিদ সংগ্রহ করে প্রাইম ব্যাংকের যেকোন শাখায় জমা করতে হবে। নিজ জেলায় প্রাইম ব্যাংক না থাকলে পে-অর্ডার মাধ্যমেও টাকা জমা করা যাবে।

(গ) ভর্তিকৃত শিক্ষার্থীদের তালিকা নিম্নোক্ত ছকেও টাকা জমার রশিদ/পে-অর্ডার, যদি আসন খা লি থাকে সে তথ্য উল্লেখপূর্বক পত্র স্ক্যান করে অবশ্যই জরুরী ভিত্তিতে কাউন্সিলের ই-মেইল (bnmc.admission@gmail.com) এ র মাধ্যমে ২১/১০/২০২১ খ্রিঃ বৃহঃপতিবার দুপুর ২ ঘটিকার মধ্যে প্রেরণ করতে হবে ।

ক্রম	ভর্তি পরীক্ষার রোল	নাম	পিতার নাম	মাতার নাম	কোটা (যদি থাক)

৫. ভর্তিকৃত শিক্ষার্থীদের মাইগ্রেশনের জন্য (প্রতিষ্ঠান পরিবর্তন) বর্তমান প্রতিষ্ঠানের মাধ্যমে (সংযুক্ত ফরমে) আবেদন করতে হবে। প্রতিষ্ঠান কর্তৃপক্ষ পূরণকৃত আবেদন অধ্যক্ষের স্বাক্ষর ও সীলমোহরসহ bnmc.admission@gmail.com ই -মেইলে ২১/১০/২০২১ খ্রিঃ বৃহঃপতিবার দুপুর ২.০০ ঘটিকার মধ্যে প্রেরণ করতে হবে ।

৬. ভর্তিকৃত শিক্ষার্থীদের ক্লাস একযোগে সকল প্রতিষ্ঠানে ০১ নভেম্বর ২০২১ খ্রিঃ সোমবার শুরু হবে।

ভর্তি ফরমপূরণকালে কাউন্সিলের কম্পিউটার অপারেটর জনাব শায়লা সমাপ্তি কিরণ ০১৭৫১১৯১৪২০/ জনাব আব্দুর রহিম মিয়া ০১৭৪০-৯৩৮৫৪০ নম্বরে আইটি সহায়তা পাওয়া যাবে।

<u>বেসরকারি প্রতিষ্ঠানের জন্য উত্তীর্ণ (Eligible) প্রার্থীর ভর্তি সংক্রান্তঃ</u>

ফলাফলের ভিত্তিতে উত্তীর্ণ (Eligible) প্রার্থীরা পছন্দমত বেসরকারি প্রতিষ্ঠানে আসন শূণ্য থাকা সাপেক্ষে ভর্তির সুযোগ পাবে। বেসরকারি ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের স্টুডেন্ট রেজিস্ট্রেশন সংক্রান্ত বিজ্ঞপ্তি পরবর্তীতে কাউন্সিলের ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

১৮/১০/২০২১

(সুরাইয়া বেগম)
রেজিস্ট্রার
বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল
ফোনঃ ২২৩৩৮১১১৬, ৫৭১৬৪৩২৬, ২২৩৩৮৪১৫৯
ই-মেইলঃ info@bnmc.gov.bd

<u>সদয় অবগতি ও কার্যার্থেঃ</u>

১. প্রেসিডেন্ট, বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল এবং সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ (দৃঃ আঃ উপসচিব, নার্সিং শিক্ষা)।
২. মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা (মহোদয়কে সরকারি প্রতিষ্ঠানে ভর্তি কার্যসম্পাদনের পরবর্তী পদক্ষেপ গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে)
৩. অধ্যক্ষ/নার্সিং ইনস্ট্রাক্টর ইনচার্জ, নার্সিং কলেজ/ইনস্টিটিউট (সকল) . . . .
৪. সহকারী প্রোগ্রামার, বিএনএমসি (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের নির্দেশসহ)।
৫. হিসাব শাখা, বিএনএমসি।
৬. ভর্তি ফরমপূরণে ফোনে সহায়তার নির্দেশসহ কম্পিউটার অপারেটর জনাব শায়লা সমাপ্তি কিরণ ও জনাব আব্দুর রহিম মিয়া।
৭. জনাব/ বেগম . . . .

Bangladesh Nursing & Midwifery Council

www.bnmc.gov.bd

Migration Form

Prescribed form for 1st time migration of admitted Nursing/Midwifery students, Session: 2020-21

Name of the Student: . . . .

National Merit:					
Admission Test Roll Number:					
Present Institution Code:		Present Institution Name:		Present Course Name:	
Choice-1 Institution Code:		Choice-1 Institution Name:		Choice-1 Course Name:	
Choice-2 Institution Code:		Choice-2 Institution Name:		Choice-2 Course Name:	
Choice-3 Institution Code:		Choice-3 Institution Name:		Choice-3 Course Name:	
Choice-4 Institution Code:		Choice-4 Institution Name:		Choice-4 Course Name:	

(ছাত্র-ছাত্রীর উচিৎ মাইগ্রেশন ফরম পূরণের সময় নিজের মেধাক্রম মনে রাখা। কারণ এমন কলেজের পছন্দ দেওয়া উচিৎ নয় যেখান পর্যন্ত তার মেধাক্রম পৌঁছাবেনা। উচিৎ হবে এমন প্রতিষ্ঠান পছন্দ দেওয়া যেসব প্রতিষ্ঠানে তার ভর্তির সুযোগ পাওয়ার সম্ভাবনা রয়েছে। এভাবে আবেদন না করলে দেখা যাবে তার পরের মেধাক্রম যেসব প্রতিষ্ঠানে পেয়েছে, সেটা দরখাস্তকারী তার পছন্দক্রমে আগে রাখলে পেত)।

Signature of the legal guardian

Full name:

Date:

Cell phone (must):

Signature of the student

Full name:

Date:

Cell phone (must):

Signature of Principal

Seal :